মুজিবনগর দিবস উপলক্ষে চলছে শেষ মূহুর্তের প্রস্তুতি

আগামী ১৭ই এপ্রিল বুধবার ঐতিহাসিক মুজিবনগর দিবস। ১৯৭১ সালের এইদিনে বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করেন মেহেরপুরের মুজিবনগর উপজেলার তৎকালিন বৈদ্যনাথ তলার আম্রকাননে।

দিবসটির স্মরণে স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের পর সকাল ন’টায় জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হবে নানা কর্মসূচি। পতাকা উত্তোলন শেষে শেখ হাসিনা মঞ্চে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভায় অংশ নেবেন আওয়মী লীগের কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ, মন্ত্রী বর্গ ও স্থানীয় নেতাকর্মীরা। এরই মধ্যে জেলা প্রশাসন ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে চলছে শেষ মূহুর্তের প্রস্তুতি। ইতিমধ্যেই মুজিবনগর স্মৃতিসৌধ, বিভিন্ন মুরাল ধুয়া মোছাসহ বিভিন্ন জায়গা পরিষ্কার পরিছন্ন ও রং করার কাজ চলছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম বলেন, সারা দেশের বিভিন্ন প্রান্ত থেকে বীর মুক্তিযোদ্ধা, মাননীয় মন্ত্রীবর্গসহ আগতদের বরণ করতে আমরা বড় ধরনের প্রস্তুতি গ্রহন করেছি। পরিস্কার পরিচ্ছন্ন, বিভিন্ন মুর্যাল ও স্থাপনায় রং করাসহ সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। নিরিবিচ্ছন্ন বিদ্যুৎ, সুপেয় পানি ও পর্যাপ্ত অস্থায়ী টয়লেটের ব্যবস্থা করা হয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার এস এম নাজমুল হক বলেন, ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে জেলার নিরাপত্তা ও শৃংখলা রক্ষায় জেলা পুলিশ সামগ্রিক কর্মসূচি গ্রহণ করেছে। মুজিবনগরের মূল মঞ্চের বিভিন্ন স্থলে ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হবে। আগতদের তৎক্ষনিক নিরাপত্তা দেবার জন্য পুলিশ কন্টলরুম স্থাপন করা হয়েছে। ট্রাফিক ব্যবস্থা জোরদার করা হয়েছে। ঐতিহাসিক মুজিবনগর দিবস যাতে সকলে আনন্দের সাথে পালন করতে পারে সেই লক্ষে আমরা কাজ করছি।

জেলা আওয়ামীলীগ থেকেও নেয়া হয়েছে ব্যাপক প্রস্তুতি। মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি জানান, যথাযত মর্যাদায় দিবসটি পালন করার জন্য আমরা প্রস্তুত। গত কয়েক বছর করোনা মহামারির ও রমজানের কারনে আমরা সংক্ষিপ্ত পরিসরে দিবস পালন করেছিলাম। কিন্তু এবার অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে দিবস

পালনের উদ্যোগ গ্রহন করেছি।

মুজিবনগর দিবসের অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক আ ক ম বাহা উদ্দিন নাসিম, প্রধান অতিথি হিসেবে থাকবেন বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মন্ডলির সদস্য কাজী জাফর উল্লাহ।

বিশেষ অতিথি থাকবেন প্রথম সরকারের প্রধান মন্ত্রী তাজ উদ্দিন আহমেদের কণ্যা মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী সিমিন হোসেন রিমি, বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুবুল আলম হানিফ এমপি, সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন এমপি, অ্যাড. আফজাল হোসেন এমপি। অনুষ্ঠানটি সঞ্চালনা করবেন বাংলাদেশ আওয়ামী লীগের সংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক। মুক্তিযোদ্ধা মন্ত্রনালয়ের উদ্যোগে সন্ধায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।